ফাতওয়া নাম্বার:৩৩৯ প্রকাশকালঃ০৩-০৩-২০২৩ ইং

নিজ স্ত্রীর আগের ঘরের মেয়েরা কি মাহরাম বলে গণ্য হবে?

প্রশ্নঃ

কেউ এমন নারীকে বিয়ে করলো যার পূর্বে বিয়ে হয়েছিলো এবং সেই স্বামীর ছেলে মেয়েও আছে। এখন সে (দ্বিতীয় স্বামী) এবং তার সন্তানরা কি তার স্ত্রীর প্রথম স্বামীর ছেলে মেয়েদের সাথে দেখা করতে পারবে?

নাম- আবদুর রহমান

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

যে মহিলার দুই বিয়ে হয়েছে, তার গর্ভ থেকে জন্ম নেওয়া উভয় স্বামীর সন্তানেরা পরস্পর মাহরাম, একে অপরের সঙ্গে সাক্ষাত করতে পারবে। তবে দ্বিতীয় স্বামীর অন্য স্ত্রীর সন্তান এবং এই মহিলার গর্ভে জন্ম নেওয়া প্রথম স্বামীর সন্তানরা পরস্পর মাহরাম নয়। সুতরাং তাদের পরস্পর সাক্ষাতও জায়েয নয়। -সূরা নিসা (০৪) : ২৩; বাদায়েউস সানায়ে: ২/২৫৭ দারুল হাদীস, কায়রো; আল-বাহরুর রায়েক: ৩/৯৮, ১০০, ১০৫ দারুল কিতাবিল ইসলামী; রদ্দুল মুহতার: ৩/৩১ দারুল ফিকর, বৈরুত; আল-মাওসুওয়াতুল ফিকহিয়্যাহ: ৩৬/২১১ ওযারাতুল আওকাফ, কুয়েত; কিফায়াতুল মুফতী: ৫/৩৯ যাকারিয়া বুক ডিপো, ভারত; ফাতাওয়ায়ে কাসিমিয়া: ১৩/১৬২-১৬৩ আশরাফি বুক ডিপো, ভারত

আর দ্বিতীয় স্বামীর সঙ্গে উক্ত মহিলার সহবাস হওয়ার পর তার গর্ভ থেকে জন্ম নেওয়া আগের স্বামীর সন্তানরা দ্বিতীয় স্বামীর মাহরাম হবে। সুতরাং তাদের সকলের সঙ্গে সে সাক্ষাত করতে পারবে। পক্ষান্তরে দ্বিতীয় স্বামীর সঙ্গে তার সহবাসের পূর্বেই যদি কোনও কারণে তাদের বিচ্ছেদ হয়ে যায়, তাহলে তার গর্ভ থেকে জন্ম নেওয়া আগের স্বামীর

সন্তানরা দ্বিতীয় স্বামীর মাহরাম হবে না। তাদের পরস্পর দেখা সাক্ষাতও জায়েয হবে না। -সূরা নিসা (০৪) : ২৩; আল-বাহরুর রায়েক: ৩/৯৮ দারুল কিতাবিল ইসলামী; রদ্দুল মুহতার: ৩/৩০ দারুল ফিকর; ফাতাওয়ায়ে রহিমিয়া: ৭/১৮৫-১৮৬ যাকারিয়া বুক ডিপো

والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৮-০৬-১৪৪৪ হি.

১২-০১-২০২৩ ঈ.